ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৫৩০

খোয়াই, ১ নভেম্বর, ২০২৫

**মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি যোজনায় পদ্মবিল ব্লকে সহায়তা**

মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি যোজনায় পদ্মবিল ব্লক প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থবছরে ব্লক এলাকার মোট ৪২ জন জনজাতি প্রাণীপালককে জনপ্রতি ৬০০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। যা প্রাণীপালকদের জন্য এক প্রেরণার উৎস হিসেবে কাজ করবে। এই আর্থিক সহায়তার মাধ্যমে তারা গবাদি পশুর পরিচর্যা, খাদ্য, ওষুধপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাজে ব্যয় করতে পারবেন। এই প্রকল্পটি রূপায়ণে মোট ব্যয় হবে ২ লক্ষ ৫২ হাজার টাকা। পদ্মবিল ব্লক প্রাণীসম্পদ বিকাশ কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

*****